

Visit of External Affairs Minister to Slovenia, Croatia and Denmark (September 02-05, 2021)

September 01, 2021

বিদেশমন্ত্রীর স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া ডেনমার্ক সফর (সেপ্টেম্বর 02-05, 2021)

সেপ্টেম্বর 01, 2021

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর ২ থেকে ৫ই সেপ্টেম্বর ২০২১,-এ সরকারি সফরে স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া এবং ডেনমার্ক যাত্রা করবেন।

বিদেশমন্ত্রী ২ এবং ৩ সেপ্টেম্বর ২০২১ স্লোভেনিয়াতে থাকবেন। স্লোভেনিয়া বর্তমানে ইউরোপিয়ান ইউনিয়নের কাউন্সিলের সভাপতির দায়িত্ব পালন করছে এবং ৩ সেপ্টেম্বর ২০২১ -এ ইউরোপিয়ান ইউনিয়নের বিদেশ বিষয়ক মন্ত্রীদের একটি অনানুষ্ঠানিক বৈঠকে বিদেশমন্ত্রীকে যোগদান করার জন্য আমন্ত্রণ জানিয়েছে। বিদেশমন্ত্রী স্লোভেনিয়ার অন্যান্য মন্ত্রীদের আহ্বান করা ছাড়াও স্লোভেনিয়ার বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ অ্যাঞ্জেলোগার-এর সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠকও করবেন।

বিদেশমন্ত্রী স্লোভেনিয়াতে অনুষ্ঠিত ব্লড স্ট্র্যাটেজিক ফোরাম (বিএসএফ)-এ যোগদান করবেন এবং "ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে একটি নিয়ম ভিত্তিক আদেশের জন্য অংশদারিত্ব" বিষয়ক প্যানেল আলোচনায় অংশগ্রহণ করবেন। তিনি পারস্পরিক স্বার্থসংলগ্ন বিষয়ে তার ইউরোপিয়ান ইউনিয়নের সমতুল্যদের সাথে আলোচনাও করবেন।

৩ রা সেপ্টেম্বর তার ক্রোয়েশিয়া সফরকালে, বিদেশমন্ত্রী ক্রোয়েশিয়ার বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার গর্ডান গ্রিলি রডম্যান-এর সাথে একটি দ্বিপাক্ষিক আলোচনা করবেন এবং ক্রোয়েশিয়ার নেতৃত্বকে আহ্বান জানাবেন।

বিদেশমন্ত্রী তার ৪-৫ সেপ্টেম্বর ডেনমার্ক সফরকালে, ডেনমার্কের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার জেপেকোফোডের সাথে চতুর্থ ইন্দো-ডেনিশ জয়েন্ট কমিশন মিটিং (জেসিএম)-এর যৌথ পৌরোহিত্য করবেন। জেসিএম, গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপের অধীনে, যেটি ২০২০ সালে শীর্ষ বৈঠকের সময় প্রতিষ্ঠিত হয়েছিল, আমাদের দ্বিপাক্ষিক সহযোগিতার একটি বিস্তৃত পর্যালোচনা করবে। বিদেশমন্ত্রী ডেনিশ সম্ভ্রান্তবর্গকেও আহ্বান জানাবেন।

বিদেশমন্ত্রী সফর তিনটি মধ্য ইউরোপীয় দেশগুলির সাথে আমাদের দ্বিপাক্ষিক মৈত্রিবন্ধনের অগ্রগতি এবং ইউরোপিয়ান ইউনিয়নের সাথে আমাদের বহুমুখী সম্পর্ককে জোরদার করার জন্য পর্যালোচনা করার একটি সুযোগ প্রদান করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.